

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৩

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য গ্রহণের এই ধরণের সালাতে ছয় রুকূ' ও চার সাজদার মাধ্যমে দুই রাকা'আত সালাত আদায় করা আবশ্যক

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا النَّوْعَ مِنْ صَلَاةِ الْكُسُوفِ يَجِبُ أَنْ يُصَلِّى رَكْعَتَيْنِ فِي سِتِّ رَكَعَاتٍ وَأَرْبَعِ سَجَدَاتٍ

## আরবী

2833 = 1 أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بِنْ عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا عَطَاءٌ عَنْ جَايِرِ بِن عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا عَطَاءٌ عَنْ جَايِرِ بِن عَبْدِ اللَّهِ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَذَلِكَ يَوْمَ مَاتَ فِيهِ الْنُكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّاسِ سِتَّ رَكَعَاتَ وَأَرْبَعَ سَجَدَاتَ كَبَّرَ ثُمَّ قَرَأَ قَأَطَالَ الْقِرَاءَةَ ثُمَّ رَكَعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَكُعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَكُعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَكَعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَكُعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَكَعَ نَحُوا مِمَّا قَرَأَ ثُمَّ رَفَعَ رَأُسَهُ فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ وَقَوْ مُعَلِّ وَلَا يَوْرَاءَةِ النَّانِ فَعَرَاءَةُ إِلَّا الْتِي قَبْلَهَا أَطُولُ مِنَ الْتِي بَعْدَهَا فَصَلَّى ثَلَاثُ رَكُع نَحُوا مِنْ قِيَامِهِ ثُمَّ تَقَدَّمَ وَعُمُ رَأُسُهُ فَسَجَدَ سَجُدَتَقِنُ مَعَهُ ثُمَّ تَقَدَّمَ لَكَسَفُوفَ مُعَهُ ثُمَّ تَقَدَّمَ الْتَاسُ فِيهَا رَكُعَ يَحُولُ مَنَ السَّمُ فَعَ مُ السَّعُوفُ مَعَهُ ثُمَّ تَقَدَّمَ وَلَا النَّاسُ أَلْ السَّمُ فَلَ النَّاسُ إِن الشمس والقمر آيتان من آيات الله لَا يَنْكَسِفَانِ لِمَوْتَ بَشَرٍ فَإِذَا رَأَيْتُمْ شَيْئًا من ذلك فصلوا حتى ينجلي)

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2833 ا خلاصة حكم المحدث: صحيح؛ لكن قوله: ست ركعات ... شاذ، والمحفوظ: أربع ركعات: م للظر ما قبله.



## বাংলা

২৮৩৩. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে সূর্য গ্রহণ লাগে। এটা হয় যেদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ছেলে ইবরাহিম রাদ্বিয়াল্লাহু আনহু মারা যায়। তখন লোকজন বলতে থাকে, "ইবরাহিম মারা যাওয়ার কারণে সূর্য গ্রহণ লেগেছে।"

তখন নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ান এবং ছয়টি রুক্' ও চারটি সাজদা করেন। তিনি তাকবীর দেন এবং দীর্ঘক্ষন কিরাআত পাঠ করেন। তারপর প্রায় কিয়ামের মতো রুক্' করেন। তারপর রুক্' থেকে মাথা উল্রোলন করেন। তারপর তিনি কিরাআত পাঠ করেন, তবে তা প্রথম কিরা'আত অপেক্ষা কম। তারপর তিনি কিরা'আত সমপরিমাণ রুক্' করেন। তারপর তিনি রুক্' থেকে মাথা উল্রোলন করেন। তারপর তিনি কিরাআত পাঠ করেন, তবে তা দ্বিতীয় কিরা'আত অপেক্ষা কম। তারপর তিনি কিরা'আত সমপরিমাণ রুক্' করেন। তারপর তিনি রুক্' থেকে মাথা উল্রোলন করেন। তারপর তিনি দুটি সাজদা করেন। তারপর তিনি আবার দাঁড়ান। তারপর তিনি সাজদা করার আগে তিনটি রুক্' করেন। প্রতিটি রাকা'আতে আগের রাকা'আত পরের রাকা'আত অপেক্ষা দীর্ঘ ছিল। অবশ্য তাঁর রুক্' তাঁর কিয়ামের প্রায় সমপরিমাণ ছিল। তারপর তিনি সালাতে পিছু হটে আসেন, ফলে তাঁর সাথে কাতারের লোকজনও পিছু হটে। তারপর তিনি সামনে অগ্রসর হন, তাঁর সাথে কাতারের লোকজনও সামনে অগ্রসর হয়। অতঃপর তিনি সালাত শেষ করেন। তখন ইতোমধ্যে সূর্য পরিক্ষৃট হয়ে গেছে। তারপর তিনি বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মাঝে দুটি নিদর্শন। যা কোন মানুষের মৃত্যুতে গ্রহণ লাগে না। কাজেই যখন তোমরা এর কোন কিছু দেখবে, তখন তোমরা গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৮৬; মুসনাদ আহমাদ: ৩/২১৭-২১৮; আবূ দাউদ: ১১৭৮; সহীহ মুসলিম: ৯০৪; আবূ আওয়ানা: ২/৩৭২-৩৭৩; সুনান বাইহাকী: ৩/৩২৪; আত তায়ালিসী: ১৭৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। তবে ছয় রুকু' করার বিষয়টি শায। চার রুকু' সহীহ। (সহীহ আবু দাউদ: ১০৬৯-১০৭০)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন